## টেকনাফ এবং উখিয়া উপজেলার ছয়টি ইউনিয়ন পরিষদের সাথে কোস্ট ট্রাস্টের যৌথভাবে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদযাপন ২০১৮।

প্রতি বছরের ন্যায় কোস্ট ট্রাস্ট কক্সবাজার অঞ্চলের বিভিন্ন শাখায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করেছে। তারই ধারাবাহিকতায় সংস্থা প্রথম বারের মত টেকনাফ এবং উখিয়া উপজেলার ছয়টি ইউনিয়ন পরিষদের সাথে যৌথভাবে এই দিবসটি উদযাপন করেছে।টেকনাফ উপজেলার তিনটি ইউনিয়ন হলো টেকনাফ সদর ইউনিয়ন, হ্নীলা ইউনিয়ন এবং হোয়াইক্যং ইউনিয়ন। উখিয়া উপজেলার তিনটি ইউনিয়ন হলো রত্নাপালং,রাজাপালং এবং পালংখালী ইউনিয়ন। সকাল ৬.৩০ মিনিটে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং সংস্থার কর্মীগণ প্রভাতফেরী করে শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পণ করেন এবং পুষ্প স্তবক অর্পণ শেষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের হলরুমে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য ও ইতিহাস নিয়ে ইউনিয়ন পরিষদের সসদস্যগণ এবং সংস্থার কর্মীগণ এবং অত্র এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ, সাংবাদিকগণ আলোচনায় অংশগ্রহন করেন।

**উখিয়ার রাজাপালং ইউনিয়ন পরিষদ:**

সকাল ৬.৩০ মিনিটে প্রভাতফেরী করে রাজাপালং ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট ট্রাস্টের কর্মীগণ উখিয়ার কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পণ করেন এবং পুষ্প স্তবক অর্পণ শেষে সংস্থার ক্ষুদ্রঋণ অফিসে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রভাতফেরীতে উপস্থিত ছিলেন রাজাপালং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর কবির চৌধুরী, অতিরিক্ত পুলিশ সুপার চাইলাউ মার্মা, উখিয়া থানার অফিসার ইনচার্জ আবুল খায়ের, এস,আই প্রিয়তোষ চৌধুরী,ইউপি সদস্য খোরশিদা বেগম, মো: ইকবাল প্রমুখ। সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন কক্সবাজার অঞ্চলের টিম লিডার (ভারপ্রাপ্ত) জাহাঙ্গীর আলম, মো:ইউনুছ, সেলিম,নির্মল,জান্নাত,রমিজ,এনামুল হক,এস,এম ইকবাল,গোলফান আরা, তানজিয়া আক্তার,হাসিনা সহ আরো অনেকে।




**প্রভাতফেরীতে অংশ নিয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার চাইলাও মার্মা, অফিসার ইনচার্জ,উখিয়া,আবুল খায়ের এবং ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর কবির চৌধুরী সহ অন্যান্য ইউপি সদস্যগণ এবং কোস্ট সহকর্মীগণ।**

আলোচনা সভায় বক্তব্য রাখেন রাজাপালং ইউপি সদস্য মো: ইকবাল, সাংবাদিক আব্দুস সালাম এবং প্রধান অতিথির বক্তব্য রাখেন অত্র ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান-০১ খোরশিদা বেগম এবং সংস্থার পক্ষে বক্তব্য রাখেন মো: ইউনুছ,এনামুল হক এবং জাহাঙ্গীর আলম। মিটিং সঞ্চালনা করেন মো: এনামুল হক।




**আলোচনা সভায় বক্তব্য রাখছেন প্যানেল চেয়ারম্যান খোরশিদা বেগম ও কোস্ট কর্মী জাহাঙ্গীর আলম।**

**উখিয়ার রত্না পালং ইউনিয়ন পরিষদ:**

সকাল ৬.৩০ মিনিটে প্রভাতফেরী করে রত্নাপালং ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট ট্রাস্টের কর্মীগণ উখিয়ার ভালুখিয়া পালং উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পন করেন এবং পুষ্প স্তবক অর্পণ শেষে অত্র স্কুল ক্যাম্পাসে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রভাতফেরীতে উপস্থিত ছিলেন  ভালুখিয়া পালং উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক লিয়াকত আলী, ইউপি সদস্য পুতুল রাণী, ইউপি সদস্য সেলিম উদ্দিন, আবুল কালাম, জামাল হোসেন, সহকারী প্রধান শিক্ষক জামাল উদ্দিন, বিশিষ্ট রাজনীতিবিদ হোসাইন আহামদ, ছাত্রনেতা আবুল হোসেন,রাজু এবং রাসেল।সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন মো: নেজাম উদ্দিন, রহুল আমিন,কায়েস এবং মোজাম্মেল হক।





**প্রভাতফেরীতে অংশ নিয়েছেন রত্নাপালং ইউপি সদস্যগণ এবং কোস্ট সহকর্মীগণ**

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন সংস্থার পক্ষে মো: নেজাম উদ্দিন, ইউনিয়ন পরিষদের সদস্য পুতুল রাণী তার বক্তব্যে বলেন, দেশকে ভালবাসার কোন বিকল্প নেই এবং তিনি বলেন ১৯৫২ সালের ভাষা আন্দোলনের হাত ধরে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রাজনীতিবিদ হোসাইন আহামদ, ইউপি সদস্য সেলিম উদ্দিন, জামাল উদ্দিন প্রমুখ।

**উখিয়ার পালংখালী ইউনিয়ন পরিষদ:**

সকাল ৬.২০ মিনিটে প্রভাতফেরী করে পালংখালী ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট ট্রাস্টের কর্মীগণ পালংখালী কাসেমিয়া উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পন করেন এবং পুষ্প স্তবক অর্পণ পরবর্তী অত্র স্কুল ক্যাম্পাসে একটি আলোচনা সভা করেন আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য নিয়ে। প্রভাতফেরীতে উপস্থিত ছিলেন পালংখালী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোজাফফর উদ্দিন, ইউপি সদস্য নুরুল আমিন, রহুল আমিন,বিশিষ্ট সমাজ সেবক রহুল আমিন, ছাত্রনেতা ইমরানুল হক, আবু বক্কর, মো: কামাল উদ্দিন এবং বিশিষ্ট রাজনীতিবিদ আবুল ফজল এবং সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন মো: ইকবাল।




**প্রভাত প্রভাত ফেরীতে অংশ নিয়েছেন পালংখালী ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট সহকর্মীগণ ।**

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন সংস্থার পক্ষে মো: ইকবাল, ইউনিয়ন পরিষদের সদস্য নুরুল আমিন তার বক্তব্যে বলেন,১৯৫২ সালের ভাষা আন্দোলনের হাত ধরে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে এবং স্বাধীনতার বীজ রোপন হয়েছে মূলত ভাষা আন্দোলনের হাত ধরে এবং তিনি কোস্ট ট্রাস্টকে ধন্যবাদ জানান ইউনিয়ন পরিষদের সাথে যৌথভাবে দিবসটি উদযাপন করার জন্য। প্রধান অতিথির বক্তব্যে প্যানেল চেয়ারম্যান বলেন, ভাষার জন্য প্রাণ দিয়েছে এমন কোন জাতী পৃথিবীর ইতিহাসে নেই এবং তিনি উপস্থিত সবাইকে দেশকে ভালবাসার জন্য অনুরোধ করেন।

**টেকনাফ সদর ইউনিয়ন পরিষদ:**

সকাল ৬.৩০ মিনিটে প্রভাতফেরী করে টেকনাফ সদর ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট ট্রাস্টের কর্মীগণ টেকনাফ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পন করেন এবং পুষ্প স্তবক অর্পণ পরবর্তী কোস্ট ট্রাস্ট অফিসে একটি আলোচনা সভা করেন আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য নিয়ে। প্রভাতফেরীতে উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন পরিষদের সদস্য আব্দুর রহিম,মো: হাসান কমিশনার,আজিম উল্লাহ মেম্বার, যুবলীগ নেতা মো: খোরশেদ আলম, মো: আলম বাহাদুর সাধারন সম্পাদক টেকনাফ পৌর আওয়ামিলীগ এবং যুবলীগ নেতা সাব্বির আহামদ, টেকনাফ সাংবাদিক ইউনিটির সাধারন সম্পাদক নুরুল হোসাইন, বিজিবি স্কুলের শিক্ষক আবুল হাসেম এবং সাদ্দাম হোসেন। সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন মো: হেলাল উদ্দিন সিদ্দিকী, মো: রফিক,মোর্শেদ আলম, জমির উদ্দিন, মনির উদ্দিন,আব্দুল হান্নান এবং বিজয় রায়।




**পুষ্প স্তবক অর্পণ করছেন টেকনাফ ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট সহকর্মীগণ, বক্তব্য রাখছেন টেকনাফ পৌর আওয়ামিলীগ এর সাধারন সম্পাদক মো: আলম বাহাদুর**

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন সংস্থার পক্ষে মো: হেলাল উদ্দিন সিদ্দিকী, ইউনিয়ন পরিষদের সদস্য আব্দুর রহিম,আজিম উল্লাহ। টেকনাফ পৌরসভা আওয়ামিলীগ এর সাধারন সম্পাদক মো: আলম বাহাদুর তার বক্তব্যে বলেন, এইটি একটি আর্ন্তজাতিক দিবস বিশ্বের প্রায় সকলে এই দিবসটি উদযাপন করে থাকে এবং এইটি আমাদের জন্য একটি গৌরবের বিষয়। তিনি কোস্ট ট্রাস্টকে ধন্যবাদ জানান ইউনিয়ন পরিষদের সাথে যৌথভাবে দিবসটি উদযাপন করার জন্য। প্রধান অতিথির বক্তব্যে হাসান কমিশনার বলেন, দিবস উদযাপন করলে শুধু হবেনা,এই দিবসকে মনে প্রাণে ধারন করতে হবে এবং দেশকে ভালবাসতে হবে তাহলেই এই দিবসটি তাৎপর্যপূর্ণ হবে। তিনি মহামান্য হাইকোর্ট সহ সকল স্তরে শুদ্ধ বাংলা চর্চা করার জন্য আহবান জানান।

**হ্নীলা ইউনিয়ন পরিষদ:**

সকাল ৬.২০ মিনিটে প্রভাতফেরী করে হ্নীলা ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট ট্রাস্টের কর্মীগণ হ্নীলা উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পন করেন এবং পুষ্প স্তবক অর্পণ পরবর্তী কোস্ট ট্রাস্ট অফিসে একটি আলোচনা সভা করেন আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য নিয়ে। প্রভাতফেরীতে উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আবুল হোসেন,সদস্য মো:বাবুল, রফিক উল্লাহ,সালেহ আহামদ, শাহ নেওয়াজ, শিক্ষক হ্নীলা উচ্চ বিদ্যালয়,

জাফর ইকাল বিশিষ্ট রাজনীতিবিদ প্রমুখ। সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন নুর আহামদ, নজরুল ইসলাম, আব্দুর রহমান,মাহফুজ উল্লাহ, আব্দুল্লাহ আল মোহাম্মদ এবং শামীমা নাসরিন।




প্রভাত প্রভাত ফেরীতে অংশ নিয়েছেন হ্নীলা ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট সহকর্মীগণ

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন সংস্থার পক্ষে নুর আহামদ, ইউনিয়ন পরিষদের সদস্য মো: বাবুল, সালেহ আহামদ এবং প্যানেল চেয়ারম্যান আবুল হোসেন । প্যানেল চেয়ারম্যান তার বক্তব্যে বলেন, এইটি একটি আর্ন্তজাতিক দিবস বিশ্বের প্রায় সকলে এই দিবসটি উদযাপন করে থাকে এবং এইটি আমাদের জন্য একটি গৌরবের বিষয়। তিনি কোস্ট ট্রাস্টকে ধন্যবাদ জানান ইউনিয়ন পরিষদের সাথে যৌথভাবে দিবসটি উদযাপন করার জন্য। পুরো অনুষ্টানটি সঞ্চালনা করেন সংস্থার কর্মী নুর আহামদ।

**হোয়াইক্যং ইউনিয়ন পরিষদ:**

সকাল ৬.২০ মিনিটে প্রভাতফেরী করে হোয়াইক্যং ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট ট্রাস্টের কর্মীগণ আলী আছিয়া উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পণ করেন এবং পুষ্প স্তবক অর্পন পরবর্তী অত্র স্কুলের হলরুমে আলোচনা সভা করেন আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য নিয়ে। প্রভাতফেরীতে উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সদস্য সিরাজুল মোস্তফা, জান্নাতুল ফেরদৌস, আফসার উদ্দিন, আলী আছিয়া স্কুলের প্রধান শিক্ষক মোস্তফা কামাল চৌধুরী, স্কুল পরিচালনা কমিটির সভাপতি জাহাঙ্গীর আলম চৌধুরী, সাংবাদিক জাহাঙ্গীর আলম এবং আবসার উদ্দিন।সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন জুলফিকার হোসেন,মুবিন, পর্ণি বড়ুয়া এবং সাদিয়া আক্তার,মো: রাসেল,রশিদ প্রমুখ।




প্রভাত প্রভাত ফেরীতে অংশ নিয়েছেন টেকনাফ হোয়াইক্যং ইউনিয়ন পরিষদের সদস্যগণ এবং কোস্ট সহকর্মীগণ।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন সংস্থার পক্ষে জুলফিকার হোসেন, ইউনিয়ন পরিষদের সদস্য সিরাজুল ইসলাম,জান্নাতুল ফেরদৌস। স্কুল প্রধান শিক্ষক মোস্তফা কামাল চৌধুরী তার বক্তব্যে বলেন, আমরাই একমাত্র জাতি যারা

ভাষার জন্য প্রাণ দিয়েছি তাই আমাদের উচিৎ শুদ্ধ বাংলা চর্চা করা। স্কুল পরিচালনা কমিটির সভাপতি তার বক্তব্যে কোস্ট ট্রাস্টকে ধন্যবাদ জানান ইউনিয়ন পরিষদের সাথে যৌথভাবে দিবসটি উদযাপন করার জন্য। পুরো অনুষ্টানটি সঞ্চালনা করেন জুলফিকার হোসেন।

**প্রতিবেদন প্রস্তুতকারী**

জাহাঙ্গীর আলম

প্রকল্প ব্যবস্থাপক-সিডস,কক্সবাজার।